গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

**অতীব জরুরী**

নং ১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৪৮৬

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২৮ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদ্‌যাপন প্রসঙ্গে।
সূত্র ঃ ০৪.০০.০০০০.৩১১.০৬.১০৩.১৩.৯৭(৩), তারিখ ২৯/০১/১৩, মন্ত্রিপরিষদ বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত স্মারকমূলে সরকার ২৮ এপ্রিল তারিখ কে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' ঘোষণা করেছে। এ প্রেক্ষিতে আগামী ২৮ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখ দিবসটি সারাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের পক্ষ হতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জাতীয় আইনগত সহায়তা দিবস, ২০১৭ এর প্রতিপাদ্য বিষয় হলো ঃ

**"বিরোধ হলে শুধু মামলা নয়
লিগ্যাল এইড অফিসে আপোষও হয়।"**

০২। এমতাবস্থায়, দরিদ্র, নিঃস্ব ও সুবিধাবঞ্চিত মানুষের আইনগত অধিকার প্রতিষ্ঠায় জেলা, উপজেলা ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি, জেলা প্রশাসন, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ের যৌথ উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

<u>কার্যার্থে বিতরণ</u> ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার (সকল বিভাগ) ...
২। জেলা ও দায়রা জজ (সকল) ... (জেলা প্রশাসনের সাথে যৌথ উদ্যোগে দিবসটি পালনের অনুরোধসহ)
৩। জেলা প্রশাসক (সকল)... (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)... (জেলা লিগ্যাল এইড কমিটি/ উপজেলা লিগ্যাল এইড কমিটির যৌথ উদ্যোগে দিবসটি পালনের অনুরোধসহ)

<u>অনুলিপি</u> ঃ সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
২. যুগ্ম সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৯. যুগ্ম সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০. উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১. অফিস কপি।